গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫০ তারিখ: ২১ আশ্বিন ১৪২৬
০৬ অক্টোবর ২০১৯

বিষয়: **প্রাকৃতিক দুর্যোগে জরুরি সাড়াদান কেন্দ্রে প্রাপ্ত তথ্যাদির সমন্বিত প্রতিবেদন।**
**সমূদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোনো সতর্কবার্তা নেই।

**আজ ০৬ অক্টোবর ২০১৯ খ্রীঃ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**
**নোয়াখালী, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার এর অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘণ্টায় ৬০-৮০ কি:মি: বেগে অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ২ নম্বর (পুন:) ২ নম্বর নৌ-হুঁশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।**
**এছাড়া ঢাকা, ফরিদপুর, খুলনা, বরিশাল এবং পটুয়াখালী এর অঞ্চলসমূহের উপর দিয়ে একই দিক থেকে ঘণ্টায় ৪৫-৬০ কি:মি: বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। সেই সাথে বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদী বন্দরসমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর নৌ-হুঁশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে।**

**আজ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**

**সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ উড়িস্যা, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দূর্বল অবস্থায় রয়েছে।**

**পূর্বাভাসঃ রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল চট্টগ্রাম ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী বর্ষণ হতে পারে।**

**তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।**

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।**

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| **বিভাগের নাম** | **ঢাকা** | **ময়মনসিংহ** | **চট্টগ্রাম** | **সিলেট** | **রাজশাহী** | **রংপুর** | **খুলনা** | **বরিশাল** |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.২ | ৩০.৮ | ৩৫.২ | ৩১.৮ | ৩৪.০ | ৩৩.৮ | ৩৪.৬ | ৩৫.০ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৫.৪ | ২৫.২ | ২২.৮ | ২৩.৬ | ২৪.৮ | ২৩.২ | ২৫.০ | ২৫.৭ |

**গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ঢাকা ও চাঁদপুর ৩৫.২° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা** সীতাকুন্ড **২২.৮°** সেঃ।

## বৃষ্টিপাত ও নদ-নদীর সর্বশেষ অবস্থাঃ

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে।
- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে, যা আগামী ৭২ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ৯৩ | বিগত ২৪ ঘন্টায় পানি সমতল অপরিবর্তিত | ০২ |
| বিগত ২৪ ঘন্টায় পানি সমতল বৃদ্ধি | **১৩** | মোট তথ্য পাওয়া যায়নি | ০০ |
| বিগত ২৪ ঘন্টায় পানি সমতল হ্রাস | **৭৮** | বিপদসীমার উপরে | **০০** |

**বৃষ্টিপাতের তথ্যঃ**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| সিলেট | ৫৭.০ | চাঁদপুর বাগান | ৫৩.০ |

**<u>বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন (২১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/ ০৬ অক্টোবর ২০১৯ খ্রীঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):</u>** নেই।

## নদ-নদীর পানি বৃদ্ধির ফলে বিভিন্ন জেলার অবস্থাঃ

**রাজশাহীঃ** জেলা প্রশাসন ,রাজশাহীর (স্মারক নং ৫১.১.৮১০০.০২৫.০৪.০০১.১৯-৮০৯, তারিখ ০৬/১০/২০১৯খ্রিঃ) মাধ্যমে জানিয়েছেন যে, সাম্প্রতিক বন্যার পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

**শরীয়তপুরঃ** জেলা প্রশাসন, শরীয়তপুর (স্মারক নং ৫১.০১.৮৬০০.০১৬.৪০.০০৯.১৯(অংশ-১)-৭৫৬, তারিখ ০৫/১০/২০১৯খ্রিঃ) মাধ্যমে জানিয়েছে যে, সাম্প্রতিক বন্যার পানি বিপদ সীমার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

**কুষ্টিয়াঃ** জেলা প্রশাসন, কুষ্টিয়ার (স্মারক নং ৫১.০১. ৫০০০. ০০০.১৬.০০১.১৯-২১৯, তারিখ ০৫/১০/২০১৯খ্রীঃ) মাধ্যমে জানিয়েছে যে, পদ্মা নদীর পানি বিপদ সীমার ১ সে.মি নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে এবং গড়াই নদীর পানি বিপদ সীমার ৩৬ সে.মি নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। জেলার বর্তমান বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে এবং জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক বন্যার্তদের সহযোগিতা ও পুনর্বাসনের জন্য সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**রাজবাড়ী:** জেলা প্রশাসন, রাজবাড়ীর (স্মারক নং ৫১.০১. ৮২০০.০০০.৪০.০৩৩.১৮-৫৫৮, তারিখ ০৩/১০/২০১৯খ্রীঃ) মাধ্যমে জানা যায় যে, গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ঘাটে পদ্মা নদীর পানি বিপদসীমার ০. ১৩ মি. ও পাংশা উপজেলার সেনগ্রাম গেজ স্টেশনে বিপদসীমার ১.২৮ মিটার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং রাজবাড়ী সদর উপজেলার মহেন্দ্রপুর গেজ স্টেশনে পদ্মা নদীর পানি বিপদ সীমার ১.১৪ মিটার নীচ দিয়ে প্রবাহিত হচ্ছে। ০৩/১০/২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত রাজবাড়ী সদর, গোয়ালন্দ, পাংশা ও কামারখালী উপজেলার বেড়িবাঁধের বাইরে নিম্ন এলাকা প্লাবিত হয়ে মোট ৩,৩৯৯টি পরিবার পানিবন্দি হয়ে পড়েছে। পানিবন্দি পরিবারগুলোর মাঝে ৪৩.৯০০ মেট্রিক টন চাল ও ৫৯ প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে। নদীতে স্রোতের তীব্রতা রয়েছে। গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়া ঘাটে ১নং ফেরিঘাটটি ভাঙ্গনের ঝুঁকিতে রয়েছে।

**নাটোরঃ** জেলা প্রশাসন, নাটোরের (স্মারক নং ৫১.০১.৬৯০০.০২১.১৬.০০৪.১৮-৭২৩, তারিখ ০৬/১০/২০১৯খ্রীঃ) মাধ্যমে জানিয়েছে যে, সাম্প্রতিক পদ্মা নদীর পানি বৃদ্ধি পাওয়ায় ও অতিবর্ষণজনিত কারণে নাটোর জেলার লালপুর উপজেলাধীন লালপুর, ঈশ্বরদী ও বিলমাড়িয়া ইউনিয়নের নিম্নাঞ্চল ও চরাঞ্চলের বসতবাড়ীর উঠান পর্যন্ত পানি উঠেছে ইতোপূর্বে অবহিত করা হয়েছিল। এ জেলার লালপুর উপজেলার আর কোন ইউনিয়ন নতুন করে প্লাবিত হয়নি। ইতোমধ্যে পদ্মা নদীর পানি কমতে শুরু করেছে। ২/১ দিনের মধ্যে বন্যা পরিস্থিতি স্বাভাবিক হয়ে আসবে।

## অগ্নিকান্ডঃ

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য থেকে জানা যায়, ০৪/১০/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ০৫/১০/২০১৯খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ৯টি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। এ সকল অগ্নিকাণ্ডে বরিশাল বিভাগে ১ জন আহত হয়েছে। বিভাগভিত্তিক তথ্য নিম্নে দেয়া হলোঃ**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতে |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ২ | ০ | |
| ২। | ময়মনসিংহ | ০ | ০ | |
| ৩। | বরিশাল | ১ | ১ | |
| ৪। | সিলেট | ১ | ০ | |
| ৫। | রাজশাহী | ২ | ০ | |
| ৬। | রংপুর | ০ | ০ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭। | চট্টগ্রাম | ৩ | ০ | [illegible] |
| ৮। | খুলনা | ০ | ০ | [illegible] |
| | **মোট** | **৯** | **১** | [illegible] |

**উল্লেখযোগ্য অগ্নিকান্ডঃ**

**কক্সবাজারঃ** ০৬/১০/২০১৯ খ্রীঃ তারিখে কক্সবাজার জেলার পেকুয়া উপজেলার আল আরাফাহ ইসলামী ব্যাংকের দুই তলা ভবনের ২য় তলার সিলিংয়ে বৈদ্যুতিক তার থেকে রাত ১২:০২ টায় আগুন লাগে এবং রাত ০২:২৫ টায় **ফায়ার সার্ভিস অগ্নি নির্বাপনে সক্ষম হয়। এ অগ্নিকাণ্ডে কোন হতাহতের ঘটনা ঘটেনি।**

**২ । ইহা মহোদয়ের সদয় অবগিতর জন্য প্রেরণ করা হলো।**

৬-১০-২০১৯
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল: controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অধিশাখা
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫০/১(৬৫)

তারিখ: ২১ আশ্বিন ১৪২৬
০৬ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
২) পরিচালক, পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৩) পরিচালক , ত্রাণ অনুবিভাগ , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৪) উপপরিচালক , পরিবীক্ষণ ও তথ্য ব্যবস্থাপনা অনুবিভাগ, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৫) প্রোগ্রামার, আইসিটি শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৬) প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
৭) জেলা ত্রাণ ও পুর্ণবাসন কর্মকর্তা

৬-১০-২০১৯
মোহাম্মদ হাফিজুর রহমান
ভারপ্রাপ্ত কর্মকর্তা